



## গৃহ স্থানান্তর

আপনি যদি আমাদের একজন বাসিন্দা হয়ে থাকেন এবং আপনি আপনার ঘর বদল করতে চান, তাহলে আপনার হাতে তিনটি বিকল্প রয়েছে।

1. আমাদের প্রপার্টিসমূহের অন্য কোনটিতে বদলীর আবেদন জানাতে আপনি 0300 303 1771 নম্বরে আমাদের সার্ভিস সেন্টারে ফোন করে ৩ নম্বর অপশন বেছে নিয়ে বদলীর আবেদন ফর্ম চাইতে পারেন। আমাদের একক ব্যক্তি পদ্ধতিতে আপনার বদলীর প্রয়োজনীয়তা মূল্যায়ন করা হবে। বদলীর আবেদন ফর্মের সাথে আপনাকে ব্যক্তি পদ্ধতির একটি অনুলিপি এবং এটি কী ভাবে কাজ করে তার নির্দেশিকাও দেওয়া হবে। আপনি যে এলাকায় যেতে আগ্রহী যদি সেখানে পছন্দভিত্তিক ভাড়া দেওয়ার পদ্ধতি বিদ্যমান থাকে তাহলে সরাসরি আবেদন করার জন্য আপনাকে সার্ভিস সেন্টার থেকে পরামর্শ দেওয়া হতে পারে। সে ক্ষেত্রে যোগাযোগের বিস্তারিত বিবরণ আপনাকে দেওয়া হবে।
2. সরাসরি যোগাযোগ করে গৃহায়ন আবেদন ফর্ম সংগ্রহ করার মাধ্যমে বা তাদের ওয়েবসাইটের মাধ্যমে আপনি দেশের যে কোন স্থানীয় কর্তৃপক্ষের হাউজিং লিস্টে আবেদন করতে পারেন। তবে অনুগ্রহ করে খেয়াল রাখবেন যে স্থানীয় কর্তৃপক্ষসমূহ তাদের এলাকার বাইরের আবেদনকারীদের কম প্রাধান্য দিয়ে থাকে।
3. আপনি যুক্তরাজ্যের যে কোন সোশ্যাল ল্যান্ডলর্ডের একজন টেন্যান্ট-এর সাথে পারস্পরিক বিনিময় করতে পারেন। দেশব্যাপী পারস্পরিক বিনিময় স্কীম, হোমসোয়াপার (HomeSwapper) –এর সঙ্গে আমরা চুক্তি সম্পাদন করেছি, ফলে আমাদের টেন্যান্টগণ বিনামূল্যে এই সেবা গ্রহণ করতে পারে। আপনি যদি তাদের সাথে নিবন্ধিত হন, তাহলে আপনি আমাদের টেন্যান্ট কি না তা জানাতে আমাদের অনুরোধ করা হবে, অর্থাৎ আপনাকে নয়, আমাদেরকে চার্জ করা হবে। আপনি যদি একজন টেন্যান্ট হয়ে থাকেন এবং ইতোমধ্যে স্বতন্ত্রভাবে হোমসোয়াপার (HomeSwapper) ব্যবহার করতে থাকেন, তাহলে আপনি Southern Housing Group (সাউদার্ন হাউজিং গ্রুপ)-এ পুনরায় নিবন্ধিত হতে পারেন এবং আপনাকে অতিরিক্ত কোন ফী দিতে হবে না।

হোমসোয়াপার (Homeswapper) হচ্ছে একটি ওয়েবসাইট যাতে দেশব্যাপী বিভিন্ন এলাকার মধ্যে প্রাপ্য পারস্পরিক বিনিময়ের সুযোগ সম্পর্কে বিস্তারিত তথ্য রয়েছে। আপনি [www.homeswapper.co.uk](http://www.homeswapper.co.uk) এই ঠিকানায় প্রবেশ করে অন্য কোন প্রপার্টির সঙ্গে পারস্পরিক বিনিময়ের সুযোগ খুঁজতে এটি ব্যবহার করতে পারেন। আপনার হাতের নাগালে ইন্টারনেট সুবিধা না থাকলেও হোমসোয়াপার (HomeSwapper) আপনাকে মোবাইল ফোনের মাধ্যমে উপযুক্ত বিনিময় অংশীদার সম্পর্কে বিস্তারিত তথ্য জানাতে পারে।